

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৪৮

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যে ব্যক্তির আল্লাহকে ভয় করার অবস্থা আশাবাদী হওয়ার অবস্থার উপর প্রবল হয়, মহান আল্লাহ তাকে ক্ষমা করে দিবেন

ذِكْنُ رَجَاءِ مَغْفِرَةِ اللَّهِ جَلَّ وَعَلَا لِمَنْ غَلَبَتْ عَلَيْهِ حَالَةُ خَوْفِ اللَّهِ جَلَّ وَعَلَا عَلَى حَالَةِ الرَّجَاءِ الرَّجَاءِ

আরবী

648 ـ أَخْبَرَنَا الْفَصْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ قَالَ: قَالَ حَدَّثَنَا أَبُو عَوْانَةَ عَنْ قَتَادَةَ عَنْ عُقْبَةَ بْنِ عَبْدِ الْغَافِرِ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (كَانَ فِيمَنْ سَلَفَ مِنَ النَّاسِ رَجُلٌ رَغَسَهُ اللَّهُ مَالًا وَوَلَدًا فَلَمَّا حَضَرَهُ الْمَوْتُ جَمَعَ بَنِيهِ فَقَالَ: أَيَّ أَبِ كُنْتُ لَكُمْ؟ قَالُوا: خَيْرَ أَبِ فَقَالَ: إِنَّهُ وَاللَّهِ مَا ابْتَأَرَ عِنْدَ اللَّهِ خَيْرًا قَطُّ وَإِنَّ رَبَّهُ يعدّبِه فَإِذَا أَنَا مِتُ فَأَحْرِقُونِي ثُمَّ اسْحُقُونِي ثُمَّ السُحُقُونِي ثُمَّ السُحُقُونِي ثُمَّ السُحَقُونِي ثُمَّ اللَّهُ عَلَى مَا صَنَعْتَ؟ وَاللَّهِ مَا ابْتَأَرَ عِنْدَ اللَّهِ خَيْرًا قَطُّ وَإِنَّ رَبَّهُ يعدّبِه فَإِذَا أَنَا مِتُ فَأَلَ: مَا حَمَلَكَ عَلَى مَا صَنَعْت؟ انْدُونِي فِي رِيحٍ عَاصِفِ قَالَ اللَّهُ: كُنْ فَإِذَا رَجُلُّ قَائِمٌ قَالَ: مَا حَمَلَكَ عَلَى مَا صَنَعْت؟ انْدُونِي فِي رِيحٍ عَاصِفِ قَالَ اللَّهُ: كُنْ فَإِذَا رَجُلُّ قَائِمٌ قَالَ: مَا حَمَلَكَ عَلَى مَا صَنَعْت؟ قَالَ: مَا حَمَلَكَ عَلَى مَا صَنَعْت؟ قَالَ: مَخَافَتُكَ! قَالَ: فَوَالَّذِي نَفْسِي بِيَدِهِ إِنْ يلقاه غير أَن غُفِرَ له) الراوي: أَبُو سَعِيدِ الْخُدْرِيِّ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان المصدث: صحيح.

বাংলা

৬৪৮. আবু সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "তোমাদের পূর্ববর্তী যুগে একজন ব্যক্তি ছিলেন, যাকে আল্লাহ প্রচুর সম্পদ ও সন্তান দিয়েছিলেন। যখন তার মৃত্যুর সময় উপনীত হলো, তখন তিনি তার সন্তানদের একত্রিত করলেন অতঃপর বললেন: "আমি তোমাদের কাছে বাবা হিসেবে কেমন ছিলাম ?" তারা জবাব দিলেন: "উত্তম বাবা।" অতঃপর তিনি বললেন: "আল্লাহর কসম! তোমাদের বাবা আল্লাহর কাছে কখনই ভাল কিছু করেনি। নিশ্চয়ই তার প্রতিপালক তাকে শাস্তি দিবেন। কাজেই যখন আমি মারা যাবো, তখন তোমরা আমাকে পুড়িয়ে চূর্ণ-বিচূর্ণ করবে, তারপর আমাকে প্রবল বাতাসে



উড়িয়ে দিবে।" আল্লাহ তা'আলা তাকে বলেন, "তুমি হয়ে যাও" তখনই সে একজন মানুষ হয়ে দাঁড়িয়ে যায়। মহান আল্লাহ তাকে বলেন: "এমন কাজ করতে তোমাকে কিসে উদ্বুদ্ধ করেছে?" জবাবে সে বলে: "আপনার ভয়।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "ঐ সত্ত্বার কসম! যার হাতে আমার প্রাণ, আল্লাহর সাক্ষাৎ পাওয়া মাত্র তাকে ক্ষমা করে দেওয়া হয়।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৩৪৭৮; সহীহ মুসলিম: ২৭৫৭।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩০৪৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন